

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.৮২০০.০০০.১৪.০১৬.১৫.৭৪৬

ফাল্গুন ১৪২২ বঙ্গাব্দ
তারিখঃ ১০ মার্চ ২০১৬ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন।


সূত্রঃ রাজবাড়ী জেলা পরিষদের স্মারক নং- জেপরা/৭/০২/২০১৫-১৬/প্রকৌ/৫৫২, তারিখঃ ১৬/০২/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের অনুমোদিত রাজস্ব বাজেটের আওতায় ৪০,৩০,০০০/- (চল্লিশ লক্ষ ত্রিশ হাজার) টাকায় গৃহীত এতদসঙ্গে সংযুক্ত তালিকায় বর্ণিত ২০ টি প্রকল্প নিম্নে বর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুমোদন দেয়া হলোঃ

শর্তসমূহঃ

- ১) প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাজবাড়ী এর দ্বারা পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) দ্বৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করতে হবে;
- ৩) জেলা পরিষদ কার্যালয়ের সকল পূর্ত কাজ উন্মুক্ত দরপত্রের মাধ্যমে পিপিআর ২০০৮-এর এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে দরপত্র আহবান করে বাস্তবায়ন করতে হবে; কোন অবস্থাতেই প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কমিটির মাধ্যমে করা যাবে না;
- ৪) পিপিআর ২০০৮ এবং এতদসংক্রান্ত সকল বিধি বিধান অনুসরণ করে প্রকল্পসমূহ বাস্তবায়নপূর্বক মন্ত্রণালয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে।

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, রাজবাড়ী।


(মোঃ জাহিদ হোসেন) ১০/০৩/২০১৬
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

অনুলিপি-জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

- ১। মহাপরিচালক (মইইউইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, ঢাকা।
- ৩। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৪। প্রশাসক, জেলা পরিষদ, রাজবাড়ী।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

জেলা পরিষদ কার্যালয়
রাজবাড়ী

২০১৫-২০১৬ অর্থ বছরে নিজস্ব তহবিলের অর্থ দ্বারা গৃহীত প্রকল্প তালিকা

(ক) বাধ্যতামূলক কার্যাবলি

এ খাতে সর্বমোট ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। উক্ত টাকা হতে ২৯,০০,০০০/- (উনত্রিশ লক্ষ) টাকা ব্যয়ে জনগুরুত্বপূর্ণ বিবেচনায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	প্রকল্পের নাম	বরাদ্দ লক্ষ টাকায়	বাস্তবায়নের মাধ্যম
১	সদর উপজেলাধীন বসন্তপুর ইউনিয়নের উদয়পুর কলেজ হয়ে বাজিতপুর রাস্তা এইচবিবিকরণ (চে: ৩৪৯-৭০০ মি.)	১০.০০	টেন্ডার
২	সদর উপজেলাধীন মিজানপুর ইউনিয়নের বড়লক্ষীপুর মনু সরদারের বাড়ী হতে দেলোয়ার সাংবাদিক এর বাড়ী অভিমুখী রাস্তার অবশিষ্ট অংশ উন্নয়ন।	১.০০	টেন্ডার
৩	(ক) সদর উপজেলাধীন মিজানপুর ইউনিয়নের নয়নদিয়া রাস্তা হতে আয়ুবের বাড়ী পর্যন্ত রাস্তা উন্নয়ন (পঞ্চাশ হাজার) (খ) সদর উপজেলাধীন মিজানপুর ইউনিয়নের সাবেক মহাদেবপুর আবুল মন্ডলের বাড়ীর রাস্তার অবশিষ্ট অংশ এইচবিবিকরণ (এক লক্ষ)	১.৫০	টেন্ডার
৪	(ক) সদর উপজেলাধীন বরাট ইউনিয়নের মধুরদিয়া ঈদগাহ উন্নয়ন (পঞ্চাশ হাজার) (খ) সদর উপজেলাধীন বিনোদপুর শ্রী শ্রী রাধাগোবিন্দ জিউর মন্দির উন্নয়ন (পঞ্চাশ হাজার) (গ) বালিয়াকান্দী উপজেলাধীন গোবিন্দপুর ঈদগাহ উন্নয়ন (পঞ্চাশ হাজার)	১.৫০	সিপিপিসি
৫	সদর উপজেলাধীন বসন্তপুর ইউনিয়নের বীরমুক্তিযোদ্ধা মর্জি-দেলোয়ারা কলেজের আসবাবপত্র তৈরি	২.০০	সিপিপিসি
৬	সদর উপজেলাধীন বরাট ইউনিয়নের মধুরদিয়া আরব সাহেব জামে মসজিদ উন্নয়ন	১.০০	সিপিপিসি
৭	গোয়ালন্দ উপজেলাধীন দৌলতদিয়া রেস্ট হাউজ উন্নয়ন	৮.০০	টেন্ডার
৮	(ক) সদর উপজেলাধীন মূলঘর ইউনিয়নের বাঘিয়া মাশালিয়া রাধাগোবিন্দ মন্দির উন্নয়ন (পঞ্চাশ হাজার) (খ) সদর উপজেলাধীন মূলঘর ইউনিয়নের পশ্চিম মূলঘর পশ্চিমপাড়া জামে মসজিদ উন্নয়ন (পঞ্চাশ হাজার)	১.০০	টেন্ডার
৯	সদর উপজেলাধীন বসন্তপুর ইউনিয়নের বীরমুক্তিযোদ্ধা আলহাজ্ব আকবর আলী মর্জি উচ্চ বিদ্যালয়ে সাইকেল স্ট্যান্ড নির্মাণ	২.০০	সিপিপিসি
১০	(ক) পাংশা উপজেলাধীন হাবাসপুর ইউনিয়নের চর আফড়া ঈদগাহ উন্নয়ন (পঞ্চাশ হাজার) (খ) পাংশা উপজেলাধীন পুইজোড় দক্ষিণপাড়া বিশ্বাস বাড়ী জামে মসজিদ উন্নয়ন (পঞ্চাশ হাজার)	১.০০	সিপিপিসি

(খ) ঐচ্ছিক কার্যাবলি

(১) শিক্ষা

এ খাতে সর্বমোট ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা বাজেট বরাদ্দ রয়েছে। উক্ত টাকা হতে ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা ব্যয়ে জনগুরুত্বপূর্ণ বিবেচনায় নিম্নবর্ণিত প্রকল্পসমূহ গ্রহণ ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্র. নং	প্রকল্পের নাম	বরাদ্দ লক্ষ টাকায়	বাস্তবায়নের মাধ্যম
১	(ক) কালুখালী উপজেলাধীন কালুখালী ডিগ্রী কলেজে আসবাবপত্র সরবরাহ (পঞ্চাশ হাজার) (খ) সদর উপজেলাধীন ভবানীপুর আদর্শ উচ্চ বিদ্যালয় উন্নয়ন (পঞ্চাশ হাজার)	১.০০	সিপিপিসি
২	সদর উপজেলাধীন বসন্তপুর ইউনিয়নের বীরমুক্তিযোদ্ধা আলহাজ্ব আকবর আলী মর্জি উচ্চ বিদ্যালয়ের আসবাবপত্র তৈরি	২.০০	সিপিপিসি